মহাপরিচালক এর দপ্তর
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা
ফোনঃ ৯৫৬৪৬৬৫, ৯৫৫২১৯৪
ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬৪৭৬৩
ওয়েবসাইটঃ www.bwdb.gov.bd

Office of the Director General
Bangladesh Water Development Board
WAPDA Building, Motijheel C/A, Dhaka.
Phone : 9564665, 9552194
Fax : 880-2-9564763
E-mail : dg@bwdb.gov.bd
dg.bwdb.bd@gmail.com

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে ডিপিএম পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত প্রতিষ্ঠান বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিমিটেড, জয়দেবপুর ক্যান্টনমেন্ট, শিমুলতলী, জয়দেবপুর, গাজীপুর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প/কাজসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

সভার তারিখ ঃ ২৬/০২/২০১৮ খ্রিঃ ।

সময় ঃ বিকাল ০৪:০০ ঘটিকা।

স্থান ঃ মহাপরিচালক, বাপাউবো'র সভাকক্ষ, ওয়াপদা ভবন (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সন্নিবেশিত হলো।

২। আলোচনা ঃ

২.১। অনিবার্য কারণবশতঃ সভাপতি সভায় উপস্থিত থাকতে পারেননি। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) সভায় সভাপতিত্ব করেন। তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ধারাবাহিকভাবে বাপাউবো'র জোন ভিত্তিক ডিপিএম দরপত্র পদ্ধতিতে বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন কাজসমূহের অগ্রগতির তথ্য সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীগণকে উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। সভায় প্রকল্পওয়ারী আলোচিত বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নে তুলে ধরা হলো।

২.২। প্রকল্পের নাম ঃ
ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের আওতায় গোড়ানচটবাড়ী পাম্প হাউস (৩য় পর্যায়) নির্মাণ প্রকল্প।

ভৌত অঙ্গসমূহ ঃ
পাম্প ক্রয়- ৩টি
পাম্প হাউস নির্মাণ- ১টি

কাজটি বাস্তবায়নের জন্য ৩১/০৩/২০১৬ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়। সম্পাদিত চুক্তিমূল্য ১০৫৮৭.১৯ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ আরম্ভের তারিখ ০১/০৪/২০১৬ এবং সমাপ্তির তারিখ ৩১/০৩/২০১৮। এযাবত ৮২০০.০০ লক্ষ টাকা বিল পরিশোধের মাধ্যমে প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮১.৭৮% সাধিত হয়েছে।

প্যাকেজটির বাস্তবায়নকারী বিভাগীয় দপ্তরের নির্বাহী প্রকৌশলী জানান যে, প্রকল্পটির আওতায় পাম্প হাউসের নির্মাণ কাজ শেষ হয়েছে। পাম্প এবং মোটরসমূহ পাম্প হাউসে স্থাপন করা হয়েছে। বর্তমানে পাম্প হাউসের ইনটেক এবং আউটফলের ফিনিশিং কাজ চলমান। Ponding area তে এপ্রিল মাসের পূর্বে পর্যাপ্ত পানি পাওয়া যাবে না বিধায় পাম্পগুলো কমিশনিং আরম্ভ করতে এপ্রিল, ২০১৮ মাস পার হয়ে যাবে। সামগ্রিকভাবে প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক এবং জুন, ২০১৮ মাসের মধ্যেই কাজটি সর্বতোভাবে সমাপ্ত হবে। কার্যাদেশ মোতাবেক প্যাকেজটির কাজ মার্চ, ২০১৮ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে বিধায় এক্ষেত্রে প্যাকেজটির সময়সীমা বৃদ্ধি প্রয়োজন। প্যাকেজের ৩ (তিন) মাস সময়সীমা বৃদ্ধি সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর এখতিয়ারভুক্ত। প্রকল্পটি প্রকল্প মেয়াদে সন্তোষজনকভাবে সমাপ্ত হবে।

২.৩। প্রকল্পের নাম ঃ
পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ প্রকল্প।

ভৌত অঙ্গসমূহ ঃ
পাম্প ক্রয়- ৮টি
পাম্প হাউস নির্মাণ- ১টি
বৈদ্যুতিক সঞ্চালন লাইন নির্মাণ- ২০.০০ কিঃমিঃ

৮

কাজটি বাস্তবায়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ০১/১২/২০১৩ তারিখ চুক্তি সম্পাদিত হয়। সম্পাদিত চুক্তিমূল্য ১৭২৫০.৩১ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ আরম্ভের তারিখ ০১/০১/২০১৪ এবং সমাপ্তির তারিখ ২৫/০৫/২০১৮। এযাবত ৮৭৪৩.৮৫ লক্ষ টাকা বিল পরিশোধের মাধ্যমে কাজটির ৭৫.২৫% বাস্তব অগ্রগতি সাধিত হয়েছে।

প্যাকেজটির মেয়াদ ২৫/০৫/২০১৮ পর্যন্ত থাকলেও এ সময়ের মধ্যে কাজ সমাপ্ত হবে না বলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক জানান। 15.50 meter লেভেলের পাম্প হাউসের 14.50 meter লেভেল পর্যন্ত কনক্রিট কাস্টিং সম্পন্ন হয়েছে। পাম্প হাউসের ইনটেক ক্যানেলের জন্য অধিগ্রহণকৃত জায়গা পাওয়া গিয়েছে। তবে, পাম্প হাউস এলাকার backfilling বাকি রয়ে গিয়েছে। Dewatering করে পানি না কমিয়ে backfilling করা যাচ্ছে না। পাম্প হাউসের এপ্রোনে দেশকূলে সিসি ব্লক নির্মাণ এবং পিচিং কাজ শেষের দিকে হলেও নদীকূলের সিসি ব্লক পিচিং এখনো শুরু হয়নি। Dewatering এর মাধ্যমে নদীকূলের পানি সমতল 1.00 meter হতে drawdown করে 0.00 meter এ নামিয়ে না আনা পর্যন্ত সিসি ব্লক পিচিং করে যাবে না। আবার, এপ্রিল মাসের পর পানি সমতল বৃদ্ধি পাবে বিধায় তখন dewatering করার কোন সুযোগ থাকবে না। সেক্ষেত্রে প্যাকেজটির কাজ আবার আগামী শুষ্ক মৌসুম পর্যন্ত বিলম্বিত হবে বলে তিনি জানান। তদুপরি, মূল পাম্প হাউসে backfilling সম্পন্ন না করে সংযোগ সড়ক নির্মাণ করাও যাচ্ছে না। ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি মে, ২০১৮ মাসের মধ্যে backfilling এবং পাম্প হাউসের এপ্রোনে নদীকূলের সিসি ব্লক পিচিং সম্পন্ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তবে backfilling কালে লেয়ারে লেয়ারে compaction এবং optimum moisture content নিশ্চিতকরণ বিষয়ে সংশয় প্রকাশ করেন। সভাপতি backfilling কালে স্পেসিফিকেশন মোতাবেক লেয়ারে লেয়ারে compaction এবং মাটির optimum moisture content নিশ্চিত রেখেই পাম্প হাউসের backfilling এবং নদীকূলের সিসি ব্লক পিচিং কাজের হালনাগাদ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (time schedule) দাখিলের নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত ঃ**

১। অতিরিক্ত সংখ্যক dewatering pump নিয়োজিতকরণের মাধ্যমে পাম্প হাউজ এলাকায় dewatering করতে হবে এবং স্পেসিফিকেশন মোতাবেক লেয়ারে লেয়ারে compaction, compaction test এবং মাটির optimum moisture content নিশ্চিত করতে হবে।

২। এপ্রিল মাসের পূর্বেই পাম্প হাউসের backfilling এবং এপ্রোনে নদীকূলের সিসি ব্লক পিচিং কাজ সমাপ্ত করতে হবে।

৩। কাজসমূহ বাস্তবায়নের জন্য বিস্তারিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (time schedule) ঠিকাদার দাখিল করবেন।

৪। পাম্প হাউজের ইনটেক ক্যানেল ও সংযোগ সড়কের কাজ চলতি অর্থ-বছরে শেষ করতে হবে ।

২.৪। **প্রকল্পের নাম ঃ**

কুষ্টিয়া জেলায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ি সংলগ্ন এবং পার্শ্ববর্তী এলাকায় পদ্মা নদীর ডান তীর সংরক্ষন প্রকল্প ।

**ভৌত অঙ্গসমূহ ঃ**

নদী তীর সংরক্ষণ- ৩.৭২০ কিঃমিঃ

কাজটি বাস্তবায়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ০৭/০৯/২০১৬ তারিখে চুক্তি সম্পাদন করা হয়। সম্পাদিত চুক্তিমূল্য ১৭৬৫০.০০ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ শুরুর তারিখ ০৭/০৯/২০১৬ এবং সমাপ্তির তারিখ ৩১/০৫/২০১৮। এযাবত ৯২৭৯.৯৪ লক্ষ টাকা বিল পরিশোধের মাধ্যমে কাজটির ৫৮.০০% বাস্তব অগ্রগতি সাধিত হয়েছে।

প্যাকেজ তথা প্রকল্পটি জুন, ২০১৮ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত। তবে সাম্প্রতিককালে কাজের সাইটে আনা জিওব্যাগ কাঙ্খিত মানের না হওয়ায় গত এক সপ্তাহ যাবৎ জিওব্যাগ ডাম্পিং বন্ধ রয়েছে। এছাড়া, সাইটে সিসি ব্লক কাস্টিং এর জন্য পাথরের সংকটও রয়েছে বলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক সভাকে জানান। তাছাড়াও, প্যাকেজটির Non-tender আইটেমসমূহ সিডিউল দরে বাস্তবায়ন করতে ঠিকাদার সম্মতিপত্র না দেয়ায় প্রকল্পের ভেরিয়েশন সিসিজিপি অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা যাচ্ছে না বলেও তিনি জানান। সর্বোপরি প্যাকেজটির কুঠিবাড়ীর নিকটবর্তী ১.০০ কিঃমিঃ দৈর্ঘ্যের reach এ dumping depth কাটার জন্য কোন লংবুম এক্সকাভেটর উক্ত সাইটে নেই বলে সভাকে জানান। ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি কাঙ্খিত মানের জিওব্যাগ এনে মার্চ, ২০১৮ এর মধ্যে জিওব্যাগ ডাম্পিং এর কাজ সমাপ্ত করা হবে বলে আশ্বস্ত করেন। কুঠিবাড়ী সংলগ্ন কাজটিতে সন্তোষজনক পর্যায়ে জিওব্যাগ ডাম্পিং কাজের অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে ঠিকাদারকে dumping depth এ কাটার জন্য আরো ১টি লংবুম এক্সকাভেটর নিয়োজিত করার জন্য সভাপতি নির্দেশনা দেন। সভাপতি ভেরিয়েশন প্রস্তাব দ্রুত সিসিজিপি অনুমোদনের নিমিত্ত ঠিকাদারকে আগামী ৭ দিনের মধ্যে সিডিউল দরে Non-tender আইটেমসমূহের কাজ বাস্তবায়নে সম্মতির কথা লিখিতভাবে জানানোর নির্দেশ দেন।

**সিদ্ধান্তঃ**

১। আগামী মার্চ, ২০১৮ মাসের মধ্যে প্রকল্পের সকল জিওব্যাগ ডাম্পিং এর কাজ সমাপ্ত করতে হবে।

২। কুঠিবাড়ী সংলগ্ন reach এ ঠিকাদারকে dumping depth কাটার জন্য সেখানে আরো ১টি লংবুম এক্সকাভেটর নিয়োজিত করতে হবে।

পরিশিষ্ট-ক

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত প্রতিষ্ঠান বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিমিটেড, জয়দেবপুর ক্যান্টনমেন্ট, শিমুলতলী, জয়দেবপুর, গাজীপুর এর মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়নাধীন প্রকল্প/ কাজসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৮
সময়ঃ বিকাল ০৪:০০ ঘটিকা
স্থানঃ মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সভাকক্ষ, ওয়াপদা ভবন (৩য় তলা)

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মেঃ কর্নেল মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, পিএসসি | বিডিপি লিঃ | ০১৭৬৯০৮৩০৮৪ | [signature] |
| ২। | জনাব সিদ্দিকুর রহমান ব্য: পরি: | ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ার্স প্রা: লি: | ০১৫৫২৩০২২৬৫০ | [signature] |
| ৩। | মোঃ আব্দুল মালেক অতি: ব্য: পরি: | - ঐ - | ০১৭৬৯০৮৩২৫০ | [signature] |
| ৪। | Md. Farooque Alam | ARK Group Director | 01729-23347 | [signature] |
| ৫। | মো: মনিরুজ্জামান ব্যবস্থাপক (প্রকৌশলী) | কনকর্ড, কনস্ট্রাকশন | 01720228360 | [signature] |
| ৬। | মো: জাহিদুল আলম সহ ব্যবস্থাপক | মিরপুর ইঞ্জিনিয়ার্স লি: | 01711521657 | [signature] |
| ৭। | এ.কে. নিজাম উদ্দিন আহমেদ | Sigma Eng Ltd | 01715843181 | [signature] |
| ৮। | | | | |
| ৯। | | | | |
| ১০। | | | | |
| ১১। | | | | |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনে বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত প্রতিষ্ঠান বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিমিটেড, জয়দেবপুর ক্যান্টনমেন্ট, শিমুলতলী, জয়দেবপুর, গাজীপুর এর মাধ্যমে ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়নাধীন প্রকল্প/ কাজসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা

তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৮
সময়ঃ বিকাল ০৪:০০ ঘটিকা
স্থানঃ মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সভাকক্ষ, ওয়াপদা ভবন (৩য় তলা)

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠান | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | মহম্মদ আলী<br>অতি: প্রধান প্রকৌশলী | বাপাউবো | 01711221159 | |
| ৪। | মো: নুরুজ্জামান<br>অতি: প্রধান প্রকৌশলী | বাপাউবো | 01711-184502 | |
| ৫। | অমল কুমার বিশ্বাস<br>তত্ত্বাবধায়ক প্রকৌ.<br>[illegible] | বাপাউবো | 01716-362472 | |
| ৬। | মো: নুরুল আমিন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | প্রশাসন [illegible]<br>প্রশাসন: বাপাউবো | 01711362159 | |
| ৭। | [illegible]<br>উপ-বিভাগীয় প্রকৌ:/[illegible] | বাপাউবো | 01731047706 | 26/02/18 |
| ৮। | মো: আব্দুল হামিদ<br>নির্বাহী প্রকৌশলী | [illegible]<br>বাপাউবো [illegible] | 01717-138084 | 26.02.18 |
| ৯। | মো: আরিফুল ইসলাম<br>নির্বাহী প্রকৌশলী | খুলনা পওর বিভাগ-১<br>বাপাউবো, খুলনা | 01554631628 | 26/02/2018 |
| ১০। | শেখ হুমায়ুন কবীর<br>উপ-সহকারী প্রকৌশলী | খুলনা পওর বিভাগ-২<br>বাপাউবো, খুলনা | 01711-333912 | |
| ১১। | মো: আমিরুল হক ভূঞা<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পানি [illegible]<br>সার্কেল, [illegible] | 01711-941389 | |
| ১২। | [illegible]<br>উপ-বিভাগীয় প্রকৌশলী | প্রশাসন [illegible]<br>বাপাউবো, ঢাকা | 01717058471 | 26/02/2018 |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |

৩। প্যাকেজটিতে উদ্ভূত Non-tender আইটেমসমূহ সিডিউল দরে বাস্তবায়নে সম্মতির কথা ঠিকাদারী প্রতিষ্ঠান আগামী ৭ দিনের মধ্যে প্রকল্প পরিচালককে লিখিতভাবে জানাবে। তৎপ্রেক্ষিতে ভেরিয়েশন প্রস্তাব সিসিজিপি অনুমোদনের নিমিত্ত প্রক্রিয়াকরণ করা হবে।

২.৫। **প্রকল্পের নাম ঃ**

খুলনা জেলার ভূতিয়ার বিল এবং বর্ণাল সলিমপুর কোলাবাসুখালী বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন প্রকল্প (২য় পর্যায়)।

**ভৌত অঙ্গসমূহ ঃ**

নদী পুনঃখনন- ৪৯.২৫০ কিঃমিঃ

৮-ভেন্ট ড্রেনেজ কাম ফ্লাশিং রেগুলেটর নির্মাণ- ১টি

কাজটি বাস্তবায়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে ০২/১১/২০১৫ তারিখ চুক্তি সম্পাদিত হয়। সম্পাদিত চুক্তিমূল্য ১২৫৪০.১৫ লক্ষ টাকা। কার্যাদেশ অনুযায়ী কাজ আরম্ভের তারিখ ২৩/০১/২০১৬ এবং সমাপ্তির তারিখ ২৫/০৫/২০১৮। এ যাবৎ ৫৯০৭.৮৪ লক্ষ টাকা বিল পরিশোধের মাধ্যমে কাজটির বাস্তব অগ্রগতি ৬১.৫০% সাধিত হয়েছে।

সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক জানান যে, গত ০৫/১২/২০১৭ তারিখে ডিপিএম কাজে নিযুক্ত প্রতিষ্ঠানের প্রধান সহ মাঠ পরিদর্শনকালে মার্চ, ২০১৮ এ প্যাকেজটির কাজ সম্পন্ন করা এবং সে মোতাবেক ঠিকাদার কর্তৃক কর্মপরিকল্পনা দাখিলের প্রতিশ্রুতি দেয়া হলেও অদ্যাবধি উহা দাখিল করা হয়নি। তদুপরি, সে সময়ে সাইটে ৯৪ টি খনন যন্ত্র থাকলেও বর্তমানে মাত্র ৫৭ টি রয়েছে। বর্তমান প্রেক্ষাপটে প্রয়োজনীয় ১৬০টি এস্কাকাভেটরের জায়গায় মাত্র ৩৬টি, ৪০টি বুলডোজারের জায়গায় মাত্র ২টি এবং ১০০টি ড্রেজারের জায়গায় মাত্র ১৯টি ড্রেজার সাইটে রয়েছে। আবার ১২ ইঞ্চি সাইজের কাটার এর কম ক্ষমতাসম্পন্ন ড্রেজার ব্যবহারের ব্যাপারে প্রশাসন এবং স্থানীয় পর্যায় থেকে নিরুৎসাহিত এবং বাঁধা প্রদান করা হচ্ছে। এটি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের আওতাভুক্ত কাজ এবং এই প্যাকেজের কাজ সমাপ্ত না হলে প্রকল্পে সংস্থানকৃত টিআরএম পরিচালনা করা সম্ভব নয়। এমতাবস্থায়, প্রকল্প পরিচালক প্যাকেজটির কাজের বাস্তবায়ন বিষয়ে সভায় বোর্ডের হস্তক্ষেপ কামনা করেন। ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি জানান যে, অবৈধ দখলের কারণে নদীর alignment অনুযায়ী এখনো সকল জমি বুঝে পাওয়া যায়নি বিধায় কাজ বাস্তবায়নে বিলম্ব হয়েছে। তদুপরি প্যাকেজটির কাজ বাস্তবায়নকালে ঠিকাদারের সহযোগী প্রতিষ্ঠানের কর্মীদের বিরুদ্ধে পর্যন্ত মামলাও হয়েছে। তিনি প্যাকেজটির বাকি কাজ নির্ধারিত সময়ে সম্পাদন বিষয়ে সংশয় প্রকাশ করে চলতি অর্থ-বছরের জন্য একটি ন্যূনতম বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়ার অনুরোধ জানান। সভাপতি টিআরএম পরিচালনার এর জন্য যে ১৭.০০ কিঃমিঃ দৈর্ঘ্যে নদী পুনঃখনন একান্তই আবশ্যক তা অগ্রধিকার ভিত্তিতে সম্পাদনের নির্দেশনা দেন।

**সিদ্ধান্ত ঃ**

১। টিআরএম পরিচালনার জন্য আবশ্যকীয় ১৭.০০ দৈর্ঘ্যে নদী পুনঃখনন অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন করতে হবে। তবে প্যাকেজের সকল কাজই চলতি অর্থ-বছরে সমাপ্তকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

২। প্যাকেজটির বাকি কাজসমূহ সম্পাদনের জন্য কোন লোকেশনে কখন কি পরিমাণে কোন খনন যন্ত্র নিয়োজিত করতে হবে তা ঠিকাদার ও সংশ্লিষ্ট মাঠ দপ্তর যৌথভাবে নির্ণয় করতঃ ঠিকাদার লিখিতভাবে বোর্ডকে জানাবে।

৩। প্যাকেজটির কাজে ১২ ইঞ্চি সাইজের কাটারের চেয়ে কম ক্ষমতা সম্পন্ন ড্রেজার নিয়োজিত করা যাবে না।

৪। ঠিকাদার যথাদ্রুত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (time schedule) দাখিল করবেন এবং তা আগামী ৭ দিনের মধ্যে বোর্ডে পৌছাতে হবে।

৩। **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কাজের গুণগত মান এবং বাস্তবায়নকালে সাথে আপস না করার মুখ্য উদ্দেশ্য নিয়েই তা ডিপিএম পদ্ধতিতে বাস্তবায়নের উদ্যোগ নেয়। সঠিক সময়ে সার্বিক কাজটি যথাযথভাবে করতে না পারলে পুরো কাজই বন্যায়/দূর্যোগে ক্ষতিগ্রস্থ হতে পারে এবং এতে জনদূর্ভোগের পাশাপাশি সরকারী কাজের ব্যয়ও বৃদ্ধি পায়। এমতাবস্থায়, যথাসময়ে কাজের বাস্তবায়ন না হওয়ার ফলে সমূহ ক্ষয়ক্ষতির দায়ভার বাপাউবো'র পাশাপাশি তার উন্নয়ন সহযোগী ডিপিএম কাজ বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের উপরও বর্তায়। এই দায়ভারের উপরই বাপাউবো'র কর্মকান্ডে ডিপিএম দরপত্র প্রক্রিয়ায় কাজ বাস্তবায়নের ভবিষ্যত নির্ভর করবে বলে সভাপতি সকলকে স্মরণ করিয়ে দিয়ে গুণগতমান ঠিক রেখে সময়মতো কাজ বাস্তবায়নের মাধ্যমে জনপ্রত্যাশামাফিক প্রকল্প বাস্তবায়ন করে দেশের উন্নয়নে একযোগে কাজ করার জন্য সকলকে আহ্বান জানান।**

**আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

২৮/০৬/২০১৮

**(মোঃ মাহফুজুর রহমান)**
**মহাপরিচালক**
**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড**

স্মারক নং ঃ- ১২৭/পিএস/ওঃমঃ-৪১/২০১৫ তারিখ ঃ ১৪-০৩-২০১৮ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১-৩। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিওন/পূর্ব রিজিওন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিমিটেড, জয়দেবপুর ক্যান্টনমেন্ট, শিমুলতলী, জয়দেবপুর, গাজীপুর।
৫-৮। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পশ্চিমাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, ঢাকা/ ফরিদপুর/ রাজশাহী/ খুলনা।
৯। প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা।
১০। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েবসাইটে কার্যবিবরণীটি প্রকাশের অনুরোধ জানানো হলো।

প্রাপ্তি নং ১৪৭১ — তারিখঃ ২০/০৩/১৮
প্রোগ্রামার ১ — জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২ — প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী — নথিতে পেশ করুন
কম্পিউটার সহকারী — নথিতে রাখুন
সিস্টেম এনালিস্ট ১/২ — জানিয়ে পত্র দিন
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

১৪/৩/১৮
(মোঃ নুরুল আমিন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক, প্রশাসন
বাপাউবো, ঢাকা।